## পাইকগাছা উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি : মাহেরা নাজনীন,প্রশাসক,উপজেলা পরিষদ
পাইকগাছা,খুলনা।
তারিখ : ২৯/০৯/২০২৪ রবিবার।
সময় : সকাল ১১.০০ টা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার সভার পরিচালনা করেন।

উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় উহা সর্বসম্মতি ক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

| ক্রঃ | বিভাগের নাম | বিবরণ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১। | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান,পাইকগাছা উপজেলা খুলনা কর্তৃক কয়রা, পাইকগাছা ও কয়রা প্রকল্প হতে রিভার্স অসমোসিস প্লান্ট ৫টি কমিউনিটি টয়লেট ১০টির কাজ চলমান আছে। ইউনিসেফ প্রকল্প হতে অগভীর নলকূপ ০৫টি, রেইন ওয়াটার হারভেষ্টিং ২০টি, রিভার্স অসমোসিস প্লান্ট ০৫টির কাজ চলমান আছে। সমগ্র দেশের নিরাপদ পানি সরবরাহ প্রকল্প থেকে ৫ম পর্যায়ে রেইন ওয়াটার হারভেষ্টিং ২৬০টির কাজ চলমান আছে। উপকূলীয় নিরাপদ পানি সরবরাহ প্রকল্প থেকে ১৩০০টি রেইন ওয়াটার কাজ চলমান আছে। এ ছাড়া তার দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | সঠিক সময়ে কাজ সম্পন্ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) |
| ২। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে,অর্থবছর শেষ হয়েছে এখনও অনেকে কাজ শেষ করতে পারেননি তাঁরা দ্রুত কাজ শেষ করে মাষ্টাররোল জমা না দিলে বরাদ্দ বাতিল হবে। | বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে যথা সময়ে কাজ বাস্তবায়ন করতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা।<br>২। সকল ইউপি চেয়ারম্যান।<br>৩। প্রকল্প বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট ট্যাগ অফিসারগণ। |
| ৩। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান আগষ্ট/২৪ মাসে বহিঃ বিভাগে রোগীর সংখ্যা পাইকগাছা হাসপাতালে ৩২৭৫ জন, আন্তঃবিভাগে রোগীর সংখ্যা ৭৭৮ জন। জরুরী বিভাগে রোগীর সংখ্যা ১৩৬৪ জন। বেডঅকুপেন্সী রেট, ১৩৮.৫৮%। এএনসি প্রসব পূর্ববর্তী সেবার সংখ্যা ২০১ জন। পিএনসি সেবার সংখ্যা ৭৫ জন। নরমাল ডেলিভারীর সংখ্যা ১৮ জন, হাসপাতালে সিজারিয়ান অপারেশনের সংখ্যা ২২ জন। ওআরটি কর্ণারের রোগীর সংখ্যা ২৩৩ জন, শিশু জন্মের সংখ্যা ৩৩৪ জন। যক্ষা রোগীর সংখ্যা ৩৮ জন। এ ছাড়া ও তিনি জানান তাঁর দপ্তরের সার্বিক কার্যক্রম সুষ্ঠ ভাবে চলছে। | কমিউনিটি ক্লিনিক গুলো নিয়মিত মনিটরিং করতে হবে। সঠিক সময় সঠিক সেবা নিশ্চিত করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পাইকগাছা, খুলনা। |
| ৪। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস।. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে জুলাই/২৩ মাসে সক্ষম দম্পতির সংখ্যা ৫৯,৫৩৪ জন। জন্ম নিয়ন্ত্রন পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৪৭৩০০। সি.এ.আর ৭৯.৪৫%। পরিবার পরিকল্পনা কার্যক্রমে স্থায়ী পদ্ধতি গ্রহণ করেছে ০৫জন (পুরুষ-১, মহিলা-৪) । আই,ইউ,ডি ০৭ জন। ইনজেকশান দেওয়া হয়েছে ৪৮০ ভায়াল। খাবার বড়ি ৩৩০৪ চক্র এবং কনডম ১২,২৮০ পিচ বিতরণ করা হয়েছে। ইমপ্লান্ট ৯০ জন। মা ও শিশুর স্বাস্থ্য সেবায় গর্ভবতী সংখ্যা- ১৩২৯ এ,এন,সি-৪৪১ জন, পিএনসি-২০৮ জন, ডেলিভারি-০ জন, সিএসবিএ কর্তৃক- ৫। জীবিত জন্ম ২০৩ জন, শিশুস্বাস্থ্য সেবা কেন্দ্রে ৫৬৬ জন,কেন্দ্রের বাইরে ৪৯০ জন,সাধারণ রোগী ৩৪৪৬ জনকে সেবা দেয়া হয়েছে। এছাড়া দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সঠিক সেবা প্রদান করতে হবে। মেডিকেল অফিসারগণ যেন মানুষকে যথাযথ সেবা প্রদান করেত পারেন তার ব্যবস্থা করতে হবে। | উপজেলা.পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পাইকগাছা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৫। | উপজেলা কৃষি অফিস। | উপজেলা কৃষি অফিসার জানান, বীজ সার প্রণদনা প্রেরণ করছেন। প্রেরিত সার বীজ সুষ্ঠভাবে বিতরন করা হয়েছে। এ ছাড়া তাঁর অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কৃষকদের নতুন প্রযুক্তির প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ ও সার্বিক সহযোগিতা করতে হবে। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, পাইকগাছা। |
| ৬। | উপজেলা প্রাণি সম্পদ অফিস। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় জানান,আগস্ট/২৪ মাসে গবাদি প্রাণি ১৭০০ মাত্রা, হাঁস-মুরগী ৭০০০ মাত্রা টিকা দান সম্পন্ন করা হয়েছে। গবাদি প্রাণি ২৪০৬ টি ও হাঁস মুরগী ১০,২৭৭ টিকে চিকিৎসা দেয়া হয়েছে। কৃত্রিম প্রজনন সংখ্যা ৬৮০ টি ও কৃত্রিম প্রজননে বাচ্চা জন্মের সংখ্যা ২৯৫টি। টিকা বীজ বিক্রয় বাবদ ৫১,০০০/-টাকা এবং কৃত্রিম প্রজনন ফি বাবদ ৮৭০০/- টাকা রাজস্ব আয় হয়েছে। মুরগীর খামার পরিদর্শন করা হয়েছে ১২ টি,গাভীর খামার পরিদর্শন করা হয়েছে ১৬ টি। এ ছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নিয়মিত কার্যক্রমের পাশাপাশি জনগণের দোরগোড়ায় সেবা পৌছানোর ব্যবস্থা করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার পাইকগাছা। |
| ৭। | উপজেলা মৎস্য অফিস। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান,২০২৪-২৫ অর্থ বছরে সাসটেইনেবল কোষ্টাল এণ্ড মেরিন ফিশারিজ প্রকল্পের আওতায় পাইকগাছা মৎস্য আড়তের আধুনিকায়নের জন্য প্রাপ্ত অনুদান জমি সংক্রান্ত বিরোধ নিস্পত্তি না হওয়ায় ফেরত প্রদান করা হয়েছে। বন্যায় ক্ষতিগ্রস্ত প্রান্তক মৎস্য চাষীদের মাঝে বিতরণের জন্য ২(দুই লক্ষ) টাকার মাছের পোনার বরাদ্দ পাওয়া গেছে। বাঁধ ভেঙ্গে পাইকগাছা উপজেলার দেলুটি ইউনিয়ন প্লাবিত হওয়ায় এখানকার ক্ষতিগ্রস্ত প্রান্তিক মৎস চাষীদের মাঝে পোনা বিতরণ করা যেতে পারে।এ ছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক) নিষিদ্ধ সময়ে মৎস্য আহরণ বন্দে ওসি পাইকগাছা থানা এবং সকল ইউপি চেয়ারম্যান ব্যবস্থা নিবেন। | সিনিয়র.উপজেলা.মৎস্য কর্মকর্তা পাইকগাছা,ওসি পাইকগাছা,ইউপি চেয়ারম্যান সকল। |
| ৮ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস। | উপজেলা শিক্ষা অফিসার জানান যে সেপ্টম্বর/২৪ মাসে তিনি ৭টি এবং সহকারী উপজেলা শিক্ষা অফিসারবৃন্দ ৫৩ টি বিদ্যালয় পরিদর্শন করেছেন। এ ছাড়া বিভিন্ন বিদ্যালয়ের উন্নয়নমূলক কাজ পরিদর্শন করা হয়। প্রাথমিক শিক্ষার জন্য সকল সুবিধাভোগী শিক্ষার্থী অভিভাবকের উপবৃত্তিপ্রাপ্তি নিশ্চিতকল্পে শতভাগ শিক্ষার্থীর জন্মনিবন্ধন নিশ্চিত করা প্রয়োজন। এ বিষয়ে উপজেলা শিক্ষা অফিসার উপজেলা নির্বাহী অফিসার,পাইকগাছা,খুলনা মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। | মান সম্মত শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য বলা হল। | উপজেলা শিক্ষা অফিসার,পাইকগাছা। |
| ৯। | উপজেলা যুব উন্নয়ন অফিস। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে তাঁর অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। ঋণ আদায়ের ব্যপারে সকলের সহযোগিতা কামনা করেন। | ঋণ আদায়ে সকল ইউপি চেয়ারম্যানগণ সহযোগিতা করবেন। | ১। উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা।<br>২। ইউপি চেয়ারম্যান(সকল) |
| ১০ | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে নতুন আবাসন প্রকল্পে সমিতি গঠনের কার্যক্রম চলমান।এছাড়া তার অফিসের সার্বিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে জানান। | মুজিববর্ষ প্রকল্পের প্রতিটা স্থানে দ্রুত সমবায় সমিতি গঠনের ব্যবস্থা নিতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, পাইকগাছা, খুলনা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা সমাজ সেবা অফিস। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, তাটা এন্ট্রির কাজ বয়স্ক ৫০৯৯,বিধবা ১১৬১,প্রতিবন্ধী ১১৬ জনের তথ্য এমআইএস এ প্রদান করতে সক্ষম হয়েছি। আরএসএস এর ঋণ আদায়ের হার ৯১%। পল্লী মাতৃকেন্দ্রের ঋণ আদায়ের হার ৯৭%। প্রতিবন্ধীদের পুনর্বাসন ঋণ আদায়ের হার ৭৪%, আশ্রয়ন ৬০% চলতি অর্থবছরে ৬৫০৮ জনকে বয়স্ক ভাতা, ১২১৬ জনকে প্রতিবন্ধী ভাতা,৩০৩০ জনকে বিধবা ও স্বামী পরিত্যক্তা ভাতা, ১৭৯ জন প্রতিবন্ধী শিক্ষার্থীকে শিক্ষা উপবৃত্তি এবং দলিত হরিজনদের শিক্ষা বৃত্তি প্রদান করা হয়েছে ২০ জনকে। এছাড়া তাঁর দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে চলছে মর্মে জানান। | সঠিক সময় সঠিক সেবা প্রদান নিশ্চিত করতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা,পাইকগাছা। |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক অফিস। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ চক্রের ২৫৮০ জন(ভি ডব্লিউ বি)উপকার ভোগীদের মধ্যে প্রতি মাসে ৩০ কেজি হারে চাউল বিতরণ কার্যক্রম চলমান আছে। চলতি মাসে মাও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ৭৩ জন ভাতা ভোগীকে চূড়ান্ত অনুমোদন করা হয়েছে। চলতি মাসে বাল্যবিবাহ প্রতিরোধ,নারী ও শিশু নির্যাতন,পাচার প্রতিরোধে ২টি সচেতনমূলোক উঠান বৈঠাক করা হয়েছে। ১০টি ইউনিয়ন ও ১টি পৌরসভায় মোট ১১টি ক্লাবে ভর্তি হওয়া ৩৩০ জন কিশোর কিশোরীকে সংগীত,আবৃত্তি,ক্যারাতে এবং বিভিন্ন সমাজিক সচেতনমূলক প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ও তিনি জানান তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | নীতিমালার আলোকে কার্যক্রম পরিচালনা করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পাইকগাছা। |
| ১৩ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, পাইকগাছা উপজেলায় বিআরডিবিভুক্ত সমিতি/দলের সংখ্যা ৩৩৮টি। সদস্য সংখ্যা ২২২৯৩ জন। বিআরডিবি'মূল কর্মসূচীর বর্তমান বর্ষে ঋণ বিতরণ হয়েছে ৩৭.১০ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ৫৭১৯.৬৫ লক্ষ টাকা। ২০১৮ -১৯ অর্থ বছরে ঋণ আদায় ৯৫.০০ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ আদায় ৫১৬৬.৯০ লক্ষ টাকা। মেয়াদ উত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ ১২০.৬০ লক্ষ টাকা। আদায়ের হার ৯৭% টাকা। তিনি বলেন উপজেলা পরিষদের মধ্যে অবস্থিত বি আর ডিবির(জোড়া বাড়ী) দুইটি ভবন আছে। অত্যন্ত জরাজীর্ণ এবং ঝুঁকিপূর্ণ হওয়ায় যে কোন সময় ভেঙ্গে পড়ে বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। এ জন্য তিনি ভবন দুটি পরিত্যাক্ত ঘোষনা করা একান্ত প্রয়োজন বলে জানান। এছাড়া ও তিনি জানান তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১। ঋন বিতরণের ধারাবাহিকতা বজায় রাখতে হবে।<br>২। উপজেলা প্রকৌশলী প্রাক্কলন প্রস্তুত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | ১। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, পাইকগাছা।<br>২। উপজেলা প্রকৌশলী পাইকগাছা,খুলনা। |
| ১৪ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন, বিশ্ব সাহিত্য কেন্দ্রের মাধ্যমে শিক্ষার্থীদের বই পড়ার সরকারী প্রকল্পের বিষয়ে সবাইকে অবগত করেন। এ ছাড়া তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে জানান। | ১।শিক্ষা প্রতিষ্ঠান সমূহ যথা সময়ে পরিদর্শন করে শিক্ষার গুনগত মান নিশ্চিত করতে হবে। ২। প্রতিটা বিদ্যালয়ে লাইব্রেরী চালু রয়েছে কিনা সেটি নিশ্চিত করেত হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। |
| ১৫ | উপজেলা বন বিভাগ। | উপজেলা বন কর্মকর্তা বলেন, পাইকগাছা সামাজিক বনায়নের আওতায় ২০২৪-২৫ অর্থবছরে অত্র উপজেলা পরিষদে চারা উত্তোলনে কোন নার্সারি না থাকায় বাগান সৃজনে চারা উত্তোলনের একটি জায়গা প্রয়োজন বলে জানান। ২০১৪-১৫ অর্থ বছরে লতা ইউনিয়নের হাড়িয়া পুরাতন খেয়াঘাট হতে দক্ষিণ হাড়িয়া পাকা ঘাট পর্যন্ত ২৫ হেক্টর সৃজিত ম্যানগ্রোভ বাগানের চারিদিকে বাঁধ দেওয়ার কারনে গাছের পাতা হলুদ বর্ণের দেখা দিয়েছে। বাঁধ অপসারণ না করলে গাছ গুলো মারা যেতে পারে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যসস্থা নেওয়ার কথা বলেন। | গাছ লাগানোর উপর গুরত্ব দিতে হবে। | বণ কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | পল্লী সঞ্চয় ব্যাংক, পাইকগাছা শাখা খুলনা। | উপজেলা শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান, পল্লী সঞ্চয় ব্যাংক ক্ষুধা ও দারিদ্র বিমোচনের জন্য অগ্রণী ভূমিকা পালন করে আসছে। বর্তমানে পাইকগাছা উপজেলায় পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালিত হচ্ছে। পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম এখন অনলাইন ভিত্তিক মোট সমিতির সংখ্যা ২৯৫টি। পল্লী সঞ্চয় ব্যাংকের মোট সদস্য সংখ্যা ১১,৪২৭ জন,পুরুষ ৪১২৫ জন, সঞ্চয় জমা আছে ১৩কোটি টাকা। মোট ঋণ বিতরন করা হয়েছে ৭০ কোটি টাকা। আদায়ের হার ৮০% আদায় কার্যক্রম ১০০%করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | ঋণ আদায়ের হার বাড়ানোর জন্য বলা হল। | শাখা ব্যবস্থাপক, ব্যাংক। |
| ১৭ | উপজেলা প্রকৌশল অফিস,পাইকগাছা, খুলনা। | উপজেলা প্রকৌশল সভায় জানান যে তাঁর অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | নির্দিষ্ট সময়ে প্রকল্পের কাজ বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকৌশলী, পাইকগাছা, খুলনা। |

০১) যৌতুক,বাল্য বিবাহ,জন্ম ও মৃত্যুসংক্রান্ত আলোচনা ঃ উপজেলা নির্বাহী অফিসার বলেন, যৌতুক,বাল্য বিবাহ ও মাদক প্রতিরোধে স্থানীয় জনসাধারণকে উদ্বুদ্ধকরণের জন্য ইউনিয়ান পর্যায়ে জনসমাবেশের আয়োজন করা যেতে পারে। তিনি সকল জন্ম নিবন্ধন অনলাইনে করা এবং একই সাথে যথাযথ ভাবে মৃত্যু নিবন্ধন শত ভাগ নিশ্চিত করার জন্য পাইকগাছা পৌরসভার সংশ্লিষ্ট কর্মকর্তা ও ইউনিয়ান পরিষদের চেয়ারম্যানদের প্রতি আহবান জানান।

সিদ্ধান্ত ঃ মাদক দ্রব্য, যৌতুক ও বাল্য বিবাহ প্রতিরোধে ইউনিয়ান পর্যায়ে জারী গান ও জনসমাবেশের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধির চেষ্টা করা হবে এবং অনলাইনে শতভাগ জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করা হবে। বাস্তবায়নেঃ পাইকগাছা পৌরসভার সংশ্লিষ্ট কর্মকর্তা ও চেয়ারম্যান,সকল ইউনিয়ান পরিষদ।

২) আগষ্ট/২০২৪ মাস রাজস্ব আয়ঃ

| প্রাপ্তির বিবরণ | টাকার পরিমান |
|---|---|
| ০১। ১% ভূমি হস্তান্তর কর বাবদ আদায়। | ৫০৭৪০৬ .৬৫/-টাকা। |
| ২। বাড়ী ভাড়া। | ৭,২০০/-টাকা। |
| | মোট আয় ঃ ৫১৪৬০৬.৬৫টাকা |

| ২) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে আগষ্ট/২০২৪ ব্যয়ঃ | ১৭,২৮০/-টাকা। |
|---|---|
| ০১। জুলাই/২৪ মাসের চেয়ারম্যান /ভাইস চেয়ারম্যান মহোদয় গণের সম্মানী ভাতা পরিশোধ বাবদ ব্যয়। | ৩০,৩৩৩/-টাকা। |
| ০২। উপজেলা পরিষদে এক জন মালী,এক জন পরিচ্ছন্ন কর্মী ও এক জন নিরাপত্তা কর্মীর দৈনিক মজুরী বাবদ ব্যয়। | ২১,৮৪০/-টাকা |
| ০৩। জুলাই/২৪ মাসের জ্বালানী তেলের বিল বাবদ। | ৩১৩২৫/-টাকা |
| ০৪। আপ্যায়ন ও আনুষংগিক বাবদ ব্যয়। | ৫২,৫০০/-টাকা। |
| ০৫। বাউণ্ডারী ওয়াল মেরামতের জামানাত বাবদ | |

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের উক্ত ব্যয়ের অনুমোদন দেয়া হয়। এ ছাড়া উপজেলা পরিষদের বিভিন্ন ধরনের ভাড়াদি যথাসময়ে আদায় নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়

বিবিধ আলোচনা ঃ

| ক্রঃনং | বিভাগ/সংশ্লিষ্ট অফিস প্রধানের নাম | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১। | চেয়ারম্যান দেলুটি ইউনিয়ন পরিষদ। | চেয়ারম্যান দেলুটি ইউপি বলেন,বন্যা প্লাবিত দেলুটি ইউনিয়নে ২২ নং পোল্ডারে অধিকাংশ পাকা রাস্তা নষ্ট হয়ে গেছে ক্ষতিগ্রস্ত রাস্তা গুলো দ্রুত মেরামত করা প্রয়োজন। দেলুটি ইউনিয়নে বাঁধ ভেঙ্গে বহুগ্রাম প্লাবিত হয়েছিল। বর্তমানে বাঁধ মেরামত করা হয়েছে। জরুরী ভিত্তিতে মাটি দিয়ে রাস্তা উঁচু করা প্রয়োজন। | ১। উপজেলা পরিষদের সকল সদস্যের সর্বসম্মত সিদ্ধান্ত ক্রমে পানি উন্নয়ন বোর্ড ও প্রকৌশল এবং সংশ্লিষ্ট কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। |
| ০২। | প্যানেল চেয়ারম্যান কপিলমুনি ইউনিয়ন পরিষদ। | প্যানেল চেয়ারম্যান কপিলমুনি ইউপি বলেন, কপিলমুনি বাজারের অভ্যন্তরে রাস্তা ও ড্রেনের অবস্থা খুবই খারাপ জরুরী ভিত্তিতে রাস্তা ও ড্রেন মেরামত করা প্রয়োজন বলে জানান। | উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। |
| ০৩। | চেয়ারম্যান রাড়ুলী ইউনিয়ন পরিষদ। | চেয়ারম্যান রাড়ুলী ইউপি বলেন রাড়ুলী ইউনিয়নে বাঁকা বাজারে প্রতিদিন হাজার হাজার লোক জন তাদের নিত্য প্রয়োজনীয় দ্রব্য সামগ্রী ক্রয় বিক্রয় করেন কিন্তু বাজারের রাস্তা ইটের সোলিং হওয়ার কারনে বর্ষামৌসুমে সার্বক্ষণিক স্যাঁতসেঁতে থাকে,এ কারনে জনসাধারণ প্রায় দূর্ঘটনার শিকার হয়। রাড়ুলী ইউনিয়নে দীর্ঘ দিন ওয়াপদা রাস্তায় মাটি না দেওয়ার কারনে রাস্তা নিচু হয়ে গেছে বর্ষা মৌসুম চলমান পানির উচ্চতা বৃদ্ধি পাচ্ছে যে কোন মূহর্তে প্লাবিত হয়ে রাস্তা ভেঙ্গে যেয়ে অত্র এলাকা পানিতে ডুবে যেতে পারে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার কথা বলেন। | ১। উপজেলা পরিষদের সকল সদস্যের সর্বসম্মত সিদ্ধান্ত ক্রমে পানি উন্নয়ন বোর্ড ও প্রকৌশল এবং সংশ্লিষ্ট কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। |

CamScanner

।ঃ ৪। উপজেলা নির্বাহী অফিসার বলেন, পাইকগাছা উপজেলায় আবাসিক কোয়াটারের অবস্থা খুবই খারাপ। যার ফলে এক দিকে সরকারী কর্মচারীদের .সের অনুপোযোগী হয়ে পড়েছে অন্য দিকে সরকারী রাজস্ব থেকে উপজেলা পরিষদ বঞ্চিত হচ্ছে। এ ছাড়া উপজেলা নির্বাহী অফিসারে বাসা আংশিক মেরামত গা প্রয়োজন। অতিদ্রুত উপজেলা পরিষদের ডরমেটরী,আবাসিক নন গেজেটেড কোয়াটার ও উপজেলা নির্বাহী অফিসারের বাসা মেরামত করার প্রস্তাব করেন। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে পর্যাপ্ত টাকা না থাকার কারণে প্রাক্কলন প্রস্তুত পূর্বক নির্বাহী প্রকৌশলী,এলজিইডি খুলনা কর্তৃক যাচাই বাছাইন্তে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ে পত্র প্রেরণের প্রস্তাব করেন।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের সকল সদস্যের সর্বস্মত সিদ্ধান্ত ক্রমে নিম্ন বর্ণিত প্রকল্প গুলোর প্রাক্কলন প্রস্তুত পূর্বক নির্বাহী প্রকৌশলী,এলজিইডি খুলনা কর্তৃক যাচাই বাছাইন্তে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয় পত্র প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃনং | মেরামত কাজের নাম | প্রাক্কলিত মূল্য | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত। | ৩,৭৩,৯২২.০০ | |
| ২। | উপজেলা পরিষদ কমপ্লেক্সের অভ্যন্তরে অবস্থিত ডরমেটরী সংস্কার। | ৬,৩৪,০৪৭.০০ | |
| ৩। | উপজেলা পরিষদ কমপ্লেক্সের অভ্যন্তরে অবস্থিত নন-গেজেটেড কোয়াটার সংস্কার। | ১২,৯২,৪৪০.০০ | |
| | সর্বমোট টাকা = | ২৩,০০,৪০৯.০০ | |

আলোচনা ঃ ৫। উপজেলা প্রকৌশলী বলেন, পাইগাছা উপজেলার সোলাদানা ইউনিয়নের সোলাদানা খেয়াঘাটটি ঘূর্ণিঝড় রিমেলের আঘাতে বিধ্বস্ত হয়েছে। এই খেয়াঘাট দিয়ে প্রতিদিন হাজার হাজার জনসাধারণ পারাপার হয়ে থাকেন। দেলুটি একটি দ্বীপ বেষ্টিত ইউনিয়ন ঐ ইউনিয়ন থেকে বিভিন্ন প্রয়োজনে জনসাধারণ সোলাদানা খেয়াঘাট পার হয়ে অত্র উপজেলা আসেন। এ ছাড়া পাইকগাছা থেকে খুলনার দূরত্ব প্রায় ৬৫ কিঃমি কয়রা,পাইকগাছা ও আশাশুনি উপজেলার জনসাধারণ অতি অল্প সময়ে সোলাদানা খেয়াঘাট পার হয়ে খুলনা যেয়ে থাকেন। প্রাক্কলন যাচাই পূর্বক উক্ত খেয়াঘাটটি আন্তঃজেলা ও আন্তঃউপজেলা খেয়াঘাট থেকে প্রাপ্ত অর্থ দ্বারা অতিদ্রুত নির্মান করার প্রস্তাব করেন।

সিদ্ধান্ত ঃ প্রাক্কলন যাচাই করে দেখাযায় উক্ত খেয়াঘাট নির্মানের জন্য ১৩,০৯,৪৫০/-(তের লক্ষ নয় হাজার চারশত পঞ্চাশ)টাকা প্রয়োজন যা স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের অনুমোদন নেওয়া আবশ্যক এ জন্য উপজেলা পরিষদের সকল সদস্যের সর্বসম্মত সিদ্ধান্ত ক্রমে নিম্ন বর্ণিত প্রকল্পের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী,এলজিইডি খুলনা কর্তৃক যাচাই বাছাইন্তে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ে পত্র প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃনং | মেরামত কাজের নাম | প্রাক্কলিত মূল্য | তহবিল | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | সোলাদানা খেয়াঘাট নির্মান(আরসিসি) | ১৩,০৯,৪৫০/-(তের লক্ষ নয় হাজার চারশত পঞ্চাশ)টাকা | উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল | **আন্তঃজেলা ও আন্তঃউপজেলা খেয়াঘাট থেকে প্রাপ্ত অর্থ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে জমা আছে।** |

আলোচনা ঃ ০৬। উপজেলা প্রকৌশলী বলেন, বাংলা ১৪৩০ সালের আন্তঃজেলা ও আন্তঃউপজেলা খেয়াঘাটের অর্থ পাওয়া গেছে। প্রাপ্ত অর্থ দ্বারা জনগুরুত্বপূর্ন প্রকল্প গ্রহণ করা আবশ্যক। বাস্তব সম্মত ও সময় উপযোগী হওয়ায় উল্লেখিত প্রকল্পগুলো বাস্তবায়ন করার প্রস্তাব করেন। উল্লেখ্য যে,নিম্ন বর্ণিত প্রকল্পগুলি দরপত্র আহবানে সীমিত দরপত্র পদ্ধতি(LTM) অনুসরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃনং | প্রকল্পের নাম | খাতের নাম | বরাদ্দকৃত টাকা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | রহিপুর ইটের রাস্তার মাথা হইতে শ্রীমন্তকাটি খেয়াঘাট অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | যোগাযোগ | ২,০০,০০০/- | |
| ২। | কপিলমুনি খেয়াঘাট হতে কপিলমুনি কালিবাড়ি ঘাট অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন এবং ড্রেন নির্মান। | | ২,৫০,০০০/- | |
| ৩। | ক) কাটামারি বাজার খেয়াঘাট রাস্তা সংস্কার<br>খ)হানি বাজার খেয়াঘাটের রাস্তা সংস্কার<br>গ) মুনকিয়া খেয়াঘাটের রাস্তা সংস্কার | | ৬৬,০০০/-<br>৬৮,০০০/-<br>৬৬,০০০/-<br>২,০০,০০০/- | |
| ৪। | ক) ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত পারমধুখালি চৌমুহনী খেয়াঘাট ও খেয়াঘাট সংলগ্ন রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন।<br>খ) ঘূর্ণিঝড় রিমেলে ক্ষতিগ্রস্ত বিগড়দানা চৌমুহনী খেয়াঘাট ও খেয়াঘাট সংলগ্ন রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন।<br>গ) ঘূর্ণিঝড় রিমেলে ক্ষতিগ্রস্ত দেলুটি পশ্চিমপাড়া খেয়াঘাট ও খেয়াঘাট সংলগ্ন রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | | ২,০০,০০০/-<br>২,০০,০০০/-<br>২,০০,০০০/- | |
| ৫। | সোলাদানা ইউনিয়নে বরইতলা খেয়াঘাট সংস্কার। | | ২,০০,০০০/- | |
| ৬। | আমুরকাটা খেয়াঘাটে যাত্রী ছাউনী নির্মান। | | ২,০০,০০০/- | |
| ৭। | গদাইপুর ইউনিয়নে মানিক তলা বাজারের অভ্যন্তরে জনসাধারনের চলাচলের জায়গা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | | ২,০০,০০০/- | |
| ৮। | রাড়ুলী ইউনিয়নের ৬নং ওয়ার্ডের বাঁকা পশ্চিম পাড়া হতে খরিয়াটি রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | | ২,০০,০০০/- | |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৯। | দেবদুয়ার আশ্রয়ন প্রকল্প সংলগ্ন খেয়াঘাটের রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | | ২,০০,০০০/- | |
| ১০। | গড়ইখালি সিসি ঢালাই দ্বারা উন্নয়ন খেয়াঘাট দ্বারা উন্নয়ন। | | ২,০০,০০০/- | |

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের সকল সদস্যের সর্বসম্মত সিদ্ধান্ত ক্রমে উল্লেখিত প্রকল্পগুলো বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনাঃ ০৭। উপজেলা বনকর্মকর্তা জানান,উপজেলা পরিষদের অভ্যন্তরে কিছু গাছ ঝড়ে পড়ে গেছে। গাছ গুলো অতিদ্রুত অপসারণ করা প্রয়োজন তিনি আরও বলেন কপিলমুনি ইউনিয়নে শ্যামনগর বাজারে কয়েকটি গাছ মারা গেছে । উক্ত গাছ গুলো ঝুঁকি পূর্ণ অবস্থায় আছে। গাছের ডাল ভেঙে জনসাধারণ প্রায় সময় দূর্ঘটনার শিকার হচ্ছে অতিদ্রুত গাছ গুলো অপসারণ করার প্রস্তাব করেন।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের সকল সদস্যের সিদ্ধান্ত ক্রমে নীতিমালার আলোকে গাছগুলো অপসরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনাঃ ০৮। উপজেলা প্রকৌশলী বলেন,হরিঢালী ইউনিয়নের নগর শ্রীরামপুর ফকির পাড়া পাঞ্জা খানা মসজিদ হতে বায়তুল মামুর জামে মসজিদের রাস্তা অত্যন্ত খারাপ প্রতি দিন হাজার হাজার মুসল্লিরা মসজিদে নামাজ আদায় করার জন্য কর্দমাক্ত রাস্তা দিয়ে যাতায়াত করে নামাজ আদায় করে। জনসাধারণের দুর্ভোগ লাঘবের জন্য উক্ত রাস্তাটি জরুরী ভিত্তিতে ইটের সোলিং দ্বারা উন্নয়ন করার প্রস্তাব করেন এবং দ্রুত বাস্তবায়নের স্বার্থে কোটেশন (RFQ) পদ্ধতি অনুসরণ করা যেতে পারে মর্মে প্রস্তাব করেন।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের সকল সদস্যের সিদ্ধান্তক্রমে নিম্নোক্ত রাস্তাটি ইটের সোলিং দ্বারা উন্নয়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃনং | প্রকল্পের নাম | খাতের নাম | বরাদ্দকৃত টাকা | তহবিল | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | হরিঢালী ইউনিয়নের নগর শ্রীরামপুর ফকির পাড়া পাঞ্জাখানা মসজিদ হতে বায়তুল মামুর জামে মসজিদের রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | যোগাযোগ | ৫,৩৫,০০০/- | উন্নয়ন তহবিল | RFQ |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মাহেরা নাজনীন
প্রশাসক
উপজেলা পরিষদ পাইকগাছা
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণসভা, পাইকগাছা, খুলনা।

স্মারক নং ঃ ৪৭.৪৪.৪৭৬৪.০০৬.০১.০০১.২৩-৮২৩ (৫০)

তারিখ ঃ ২৩/১০/২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, খুলনা।
৩। জেলা প্রশাসক, খুলনা
৪। উপজেলা ............................................. কর্মকর্তা, (সংশিষ্ট সকল), পাইকগাছা,খুলনা।
৫। চেয়ারম্যান............................................ইউ পি (সকল) পাইকগাছা, খুলনা।
৬। জনাব ............................................ .পাইকগাছা , খুলনা।

মাহেরা নাজনীন
উপজেলা নির্বাহী অফিসার
পাইকগাছা,খুলনা।